

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, ফেব্রুয়ারি ২৯, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
সমন্বয়-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ: ১৬ ফাল্গুন, ১৪৩০ বঙ্গাব্দ/২৯ ফেব্রুয়ারি, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস. আর.ও. নম্বর ৪২-আইন/২০২৪।—সরকার, বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন আইন, ২০০৩ (২০০৩ সনের ১৩নং আইন) এর ধারা ৩৪ক-তে প্রদত্ত ক্ষমতাবলে, জনস্বার্থে, বিদ্যুতের নিরবিচ্ছিন্ন সঞ্চালন নিশ্চিতকরণ এবং মূল্যহার সমন্বয়ের লক্ষ্যে, পাওয়ার গ্রিড কোম্পানি অব বাংলাদেশ (পিজিসিবি) এর বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ) নিম্ন সারণিতে বর্ণিত হারে এবং নিম্নবর্ণিত শর্তাবলি সাপেক্ষে পুনঃনির্ধারণ করিল, যথা:—

সারণি

বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (হইলিং চার্জ)

| ভোল্টেজ লেভেল | বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার (টাকা/কি.ও.ঘ.) |
|---------------|---|
| ১। ২৩০ কেভি | ০.৩০৫৭ |
| ২। ১৩২ কেভি | ০.৩০৮৬ |
| ৩। ৩৩ কেভি | ০.৩১৪৪ |

(১৯১১)

মূল্য : টাকা ৪.০০

শর্তাবলি:

- (১) পিজিসিবি গ্রীড কোড যথাযথভাবে অনুসরণ করিবে এবং সকল ক্ষেত্রে উহা বাস্তবায়ন করিবে;
- (২) পিজিসিবি মানসম্পন্ন বিদ্যুৎ সরবরাহের লক্ষ্যে ভোল্টেজ প্রোফাইল ঠিক রাখিবার জন্য যথাযথ সমীক্ষার মাধ্যমে প্রয়োজনীয় Reactive Power Compensation এর ব্যবস্থা গ্রহণ করিবে;
- (৩) পিজিসিবি সমগ্র সঞ্চালন নেটওয়ার্কে N-1 Security নিশ্চিতকরণের লক্ষ্যে দ্রুত ব্যবস্থা গ্রহণ করিবে;
- (৪) পিজিসিবি বিদ্যুতের একক ক্রেতা এবং বিদ্যুৎ বিতরণ সংস্থা বা কোম্পানিসমূহের সহিত সমন্বয় করিয়া গ্রীড নেটওয়ার্ক সম্প্রসারণ এবং যথাযথ স্থানে সঠিক ক্যাপাসিটির গ্রীড উপকেন্দ্র (বিতরণ সংস্থা/কোম্পানিসমূহে বিদ্যুৎ সরবরাহের প্রয়োজনীয় অবকাঠামোসহ) স্থাপন করিবে;
- (৫) পিজিসিবি কমিশন কর্তৃক নির্ধারিত ছকে উৎপাদন প্রাপ্ত হইতে গ্রীডে প্ল্যান্টভিত্তিক বিদ্যুৎ গ্রহণের পরিমাণ, প্ল্যান্টভিত্তিক নন-গ্রীড বিদ্যুৎ উৎপাদনের পরিমাণ, ট্রান্সমিশন লস, বিতরণ সংস্থা/কোম্পানিভিত্তিক বিদ্যুৎ সঞ্চালনের পরিমাণ এবং বিদ্যুৎ সঞ্চালন আয়ের পরিমাণ মাসভিত্তিক কমিশনে প্রেরণ করিবে;
- (৬) পিজিসিবি অবচয় খাতে সংগ্রহীত সমুদয় অর্থ প্রচলিত নিয়ম অনুসরণপূর্বক স্বতন্ত্র ব্যাংক হিসাবে জমা নিশ্চিত করিবে।

২। বাংলাদেশ এনার্জি রেগুলেটরী কমিশন কর্তৃক ২৭ ফেব্রুয়ারি, ২০২০ তারিখে জারিকৃত বিইআরসি আদেশ নং ২০২০/০৩ এতদ্বারা রহিত করা হইল এবং রহিত আদেশের অধীন কোনো কার্যক্রম বা মামলা চলমান থাকিলে উহা উক্ত আদেশ অনুযায়ী নিষ্পত্তি হইবে।

৩। এই প্রজ্ঞাপনের অধীন পুনঃনির্ধারিত বিদ্যুৎ সঞ্চালন মূল্যহার বিল মাস ফেব্রুয়ারি, ২০২৪ হইতে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ নবীরুল ইসলাম
সিনিয়র সহকারী সচিব।